3rd Round of India-Palestine Foreign Office Consultations

September 10, 2020

ভারত-প্যালেস্তাইন বিদেশ দপ্তরের তৃতীয় দফা পরামর্শ

সেপ্টেম্বর 10, 2020

10 সেপ্টেম্বর 2020 তারিখে ভিডিও সম্মেলনের মাধ্যমে দ্বিপাক্ষিক বিদেশ দপ্তরের তৃতীয় দফা বৈঠক অনুষ্ঠিত হয়েছে, বৈঠকে নেতৃত্ব দিয়েছেন শ্রী সঞ্জয় ভট্টাচার্য, সচিব (সিপিভি এবং ওআইএ) এবং প্যালেস্তাইনের উপ বিদেশ প্রতিমন্ত্রী ড. অমল জাদৌ শাক্কা।
2. উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের ব্যাপক পর্যালোচনা করেছেন এবং 2016-র নভেম্বরে রামল্লাহ-তে অনুষ্ঠিত শেষ যৌথ আয়োগের বৈঠকে এবং 2018 –র ফেব্রুয়ারী মাসে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর প্যালেস্তাইন সফরকালে গৃহীত সিদ্ধান্তের সফলতা অর্জনের অগ্রগতি নিয়েও আলোচনা করেছেন।

3. প্যালেস্তানিয়দের সমর্থনে ভারতের আদর্শগত এবং ধারাবাহিক সহযোগিতা প্রদানকে পুনরায় সুনিশ্চিত করে,সচিব (সিপিভি এবং ওআইএ), সুরক্ষিত এবং স্বীকৃত সীমান্তের মধ্যে পাশাপাশি ইজ্রায়েলের সাথে শান্তিতে বসবাস করার জন্য সার্বভৌম, স্বাধীন, প্রয়োগসাধ্য এবং প্যালেস্তাইন যুক্তরাষ্ট্র অর্জনের ক্ষেত্রে ইজ্রায়েল এবং প্যালেস্তাইনের মধ্যে সরাসরি সমঝোতার দ্রুত নিষ্পতির আশা প্রকাশ করেছেন ।

4. উভয় পক্ষ Covid-19 পরিস্থিতি নিয়ে নিজেদের দৃষ্টিভঙ্গীর বিনিময় করেছেন এবং এই অতিমারির কারণে সম্মুখীন হওয়া গণস্বাস্থ্য এবং আর্থ-সামাজিক চ্যালেঞ্জের মোকাবিলায় গৃহীত পদক্ষেপগুলি নিয়ে আলোচনা করেছেন।ড.শাক্কা কোভিড সম্পর্কিত চিকিৎসা সাহায্য প্রদান এবং ভিবিএম উড়ানের মাধ্যমে আটকে পড়া প্যালেস্তানিয়দের দেশে ফেরত পাঠাবার জন্য ভারতকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

5. তারা 59 মিলিয়িন মার্কিন ডলারের ক্রমবর্ধমান অনুদানের প্যালেস্তাইনে চালু থাকা 8 টি প্রকল্পর অগ্রগতির প্রশংসা করেছেন এবং সম্ভাব্য স্থলে গতিবৃদ্ধি করার জন্য সহমত হয়েছেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে বিদ্যালয় নির্মাণ, একটি আইটি পার্ক, একটি উওমেন এমপাওয়ারমেন্ট কেন্দ্র, একটি কূটনৈতিক প্রতিষ্ঠান এবং একটি সুপার স্পেশালিটি হাসপাতাল ও তাদের জাতীয় ছাপাখানার জন্য সরঞ্জাম। উভয়পক্ষ আগামী কয়েক সপ্তাহের মধ্যে কয়েকটি প্রকল্পের সময়সীমা বাড়ানোর জন্য অতিরিক্ত প্রোটকলে সাক্ষর করবেন।

6. ভারত-প্যালেস্তাইনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ স্তর হল শিক্ষা এবং ক্ষমতা অর্জনে সহযোগিতা। প্রতি বছর 150টি আইটিইসি স্লট এবং 100টি আইসিসিআর বৃত্তি প্রদানের বাইরেও ভারত সরকার প্যালেস্তানিয় সরকারের আধিকারিকদের জন্য বিশেষভাবে উপযুক্ত প্রশিক্ষণের আয়োজন করেছে। ভারতের তরফ থেকে প্যালেস্তানিয় ছাত্রছাত্রীদের জন্য নার্সিং, ফার্মেসি, প্যাথোলজি,প্যারামেডিকস

ইত্যাদিতে বৃত্তি প্রদানের এবং ভারতের হাসপাতালে তাদের ডাক্তারদের জন্য ইন্টার্ণশিপ প্রোগ্রামের প্রস্তাব দিয়েছে।

7. এর অতিরিক্ত বিদেশ মন্ত্রক তিলোনিয়া নগ্নপদ কলেজে প্যালেস্তানিয় সোলার মামাদের প্রশিক্ষণে আর্থিক সাহায্য প্রদান করবে, ভগবান মহাবীর বিকলাঙ্গ সহায়তা সমিতি(বিএমভিএসএস)-এর অংশীদারিত্বে রামাল্লাহতে কৃত্রিম অঙ্গপ্রতিস্থাপন শিবিরের আয়োজন করবে এবং প্যালেস্তানিয়দের প্রয়োজনানুসারে বিভিন্ন দ্রুত প্রভাব প্রদানকারী গোষ্ঠী প্রকল্প গ্রহণ করবে।

8. উভয় পক্ষ পশ্চিম এশিয়া অঞ্চলের সীমান্ত বিবাদ নিয়ে নিজেদের মত বিনিময় করেছেন। সচিব(সিপিভি এবং ওআইএ) ড. শাক্কাকে ভারতে প্রতিবেশিত্বর বিকাশ সম্পর্কে সংক্ষিপ্ত বিবৃতি দিয়েছেন।

9. নিয়মিত সফর বিনিময় এবং আন্তর্জাতিক ফোরামগুলির প্রান্তদেশে দ্বিপাক্ষিক বৈঠকের আদানপ্রদানের মাধ্যমে সম্পর্কের উর্দ্ধমূখি ধারাবাহিকতার গুরুত্বের বিষয়ে তারা সহমত হয়েছেন।

10. চতুর্থ দফা বিদেশ দপ্তর পরামর্শের জন্য আগামী বছরে সচিব (সিপিভি এবং ওআইএ)-এর ভারত সফরের আমন্ত্রণকে .ড. শাক্কা গ্রহণ করেছেন।

নিউ দিল্লি
সেপ্টেম্বর 10, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.